

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.২৩

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮

২৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: রংপুর জেলার পীরগাছা উপজেলার দেবী চৌধুরাণী ডিগ্রি কলেজের প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) জনাব মো. আজমল হোসেন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন-১০০৬১/২০১৭ মামলার বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে রংপুর জেলার পীরগাছা উপজেলার দেবী চৌধুরাণী ডিগ্রি কলেজের প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) মোঃ হাফিজার রহমান গত মার্চ/২০১৫ তারিখে অবসর গ্রহণ করেন। উক্ত শূণ্য পদের বিপরীতে গর্ভনিং বডি গত ১৩.০৪.২০১৫ তারিখে শূণ্য পদে শিক্ষক-কর্মচারী নিয়োগ দেওয়া সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্তে আলোকে গত ০৬.০৬.২০১৫ তারিখে প্রভাষক জনাব মো. আজমল হোসেন যোগদান করেন। যোগদানের পর বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন, কিন্তু উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা রংপুর এম.পি.ও ভুক্তির কাগজপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে অস্বীকার করেন। যার ফলশ্রুতিতে বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত হইতে বঞ্চিত হন।

জনাব মো. আজমল হোসেন ক্ষুব্ধ হয়ে মহামান্য সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগ রীট পিটিশন নং-১০০৬১/২০১৭ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন-১০০৬১/২০১৭ মামলার ১৪.১০.২০২০ তারিখে আদেশ প্রদান করেন। যা নিম্নরূপ;

Considering the submissions of both the parties and the application dated 08.06.2017 we are of the view that without going to the merit of the Rule, the respondent No. 1 is directed to dispose of the application dated 08.06.2017 Annexure-H to the writ petition, filed by the petitioner within reasonable time in accordance with law.

However, let us make it clear that the respondent No. 1 be at liberty to take decision on the said application in any manner in accordance with law.

In the result, the Rule is disposed of with the above direction.

রিট পিটিশন নং- ১০০৬১/২০১৭ মামলার রায়ে ১নং বিবাদী (সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) কর্তৃক বিষয়টি বিধিমোতাবেক নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং- ১০০৬১/২০১৭ মামলার নির্দেশনার প্রেক্ষিতে বাদীর ০৮/০৬/২০১৭ তারিখের আবেদনটি (Annexure-H) বিধিমোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অতিরিক্ত সচিব
মাধ্যমিক-২ অনুবিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৮-২-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ৯৫৭৬৬৭৯
ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.২৩/১(৪)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৮-২-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব